

জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



**Public Relations
Office**

Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন

চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৭ মার্চ ২০২৪।

ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে আজ শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বেলা ১২ টায় পুরাতন কলা ভবনে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

এসময় চারুকলা বিভাগের সভাপতি ফারহানা তাবাসসুম, সহযোগী অধ্যাপক এম. এম ময়েজউদ্দীন, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক মহিবুর রৌফ, জাহাঙ্গীরনগর স্কুল ও কলেজের প্রভাষক মো. মাসুদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক বলেন, ঐতিহাসিক ৭ মার্চ বাঙালীর জাতীয় জীবনে এক অবিস্মরণীয় দিন। এই দিন উদযাপন উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন একটি চমৎকার অনুষ্ঠান। এর মাধ্যমে শিশু কিশোরদের চিন্তার ও বিশ্বাসের বিভিন্ন দিক বিকশিত হবে। স্বাধীনতার যে মন্ত্র বঙ্গবন্ধু দিয়ে গেছেন অভিভাবকরা সেটা তাদের শিশু-কিশোরদের মাঝে ছড়িয়ে দেবেন বলে উপ-উপাচার্য আশা প্রকাশ করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)